

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ২. ৩৩. যীশুর দুর্বোধ্যতা বা অবোধ্যতা

প্রথম তিন ইঞ্জিল লেখকরা অনেক সময় এবং যোহন অধিকাংশ সময় যীশুকে এমনভাবে চিত্রিত করেছেন যে, তিনি রূপকভাবে কথা বলতেন এবং তাঁর সাহাবী, ভক্ত ও শ্রোতারা তাঁর কথা বুঝতেন না। বরং অর্থ না বুঝার কারণে তাঁরা বিতর্কে ও অবিশ্বাসে লিপ্ত হতেন। যোহন ৬ ও ৭ অধ্যায়ে লেখেছেন যে, তাঁর কথা না বুঝে অনেক মানুষ বিশবাস করার পরেও অবিশ্বাসী হয়ে যায়। মানুষদের প্রশ্নের সরাসরি উত্তর না দিয়ে এমন উত্তর দিতেন যে মানুষ দ্বিধাগ্রস্ত ও অবিশ্বাসী হয়ে যেত। এ সকল বর্ণনা সত্য বলে বিশ্বাস করলে যীশু অথবা প্রেরিতদের বিরুদ্ধে অশোভন ধারণা পোষণ ছাড়া উপায় থাকে না। এমনকি উইকিপিডিয়ায় দ্বাদশ প্রেরিতের বিষয়ে বলা হয়েছে: "In Mark, the twelve are obtuse, failing to understand the importance of Jesus' miracles and parables". "মার্কের বর্ণনা অনুসারে 'বার সাহাবী' স্কুলবুদ্ধি নির্বোধ ছিলেন, তাঁরা যীশুর অলৌকিক কর্ম ও তাঁর নীতিগর্ভ রূপক বক্তব্যগুলো বুঝতে পারতেন না।"[1]

প্রচলিত ইঞ্জিলে আমরা দেখি যে, যীশুর প্রচারের শুরুতেই যোহন বাপ্তাইজক তাঁর শিষ্যদের সামনে যীশুর বিষয়ে সাক্ষ্য দেন যে, তিনিই ঈশ্বরের পুত্র ও মসীহ (যোহন ১/১৯-৩৪, ৩/২২-৩৬)। শিষ্যরাও শুরু থেকেই তাঁকে মসীহ বলে চিনেন ও বিশ্বাস করেন। (যোহন ১/৪১-৫১)। শমরীয় মহিলাকে তিনি সুস্পষ্টভাবে বললেন যে, তিনিই খ্রিষ্ট। (যোহন ৪/২৫-২৬)। আবার পিতর যখন বললেন যে, যীশুই খ্রিষ্ট তখন তিনি তাঁকে বিষয়টা মানুষদেরকে জানাতে কঠোরভাবে নিষেধ করলেন (মার্ক ৮/২৮। আরে দেখুন: মথি ১৬/১৪) আবার অন্যান্য স্থানে ইঞ্জিল লেখকরা বলছেন যে, তিনি মানুষদেরকে এ বিষয়ে ধাঁধার ভিতরে রাখতেন। "ইহুদিরা তাঁকে ঘিরে বলতে লাগল, আর কত কাল আমাদের সন্দেহের মধ্যে রাখবে? তুমি যদি মসীহ হও তবে স্পষ্ট করে আমাদেরকে বল।" (ইউহোয়া/ যোহন ১০/২৪, মো.-১৩)

মানবীয় বিবেক ও পুরাতন নিয়মে নবীদের নামে যা বিদ্যমান সেগুলো পাঠ করলে আমরা নিশ্চিত হই যে, নবীদের দায়িত্ব সহজ-সরল ভাষায় মানুষের জন্য মুক্তির পথ বলা। শিক্ষিত, অশিক্ষিত, বুদ্ধিমান, নির্বোধ সকলেই যেন সহজেই মহান আল্লাহর দয়া, ক্ষমা ও মুক্তি লাভ করতে পারে সে নির্দেশনা তাঁরা সহজবোধ্য ভাষায় প্রদান করেন। যীশু মানুষদের জন্য মুক্তির বিশ্বাসকে দুর্বোধ্য করতেন, ধাঁধার আকারে বা রূপকভাবে কথা বলতেন বলে বিশ্বাস করা খুবই কঠিন। কারণ সেক্ষেত্রে আমাদের স্বীকার করতে হবে যে, ইচ্ছাপূর্বক তিনি তাঁর জাতির জন্য মুক্তির পথ কঠিন করেছেন; বরং রুদ্ধ করেছেন।

ফুটনোট

[1] Wikipedia, Apostle (Christian)



• Source — https://www.hadithbd.com/books/link/?id=14195

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন